

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৩৩

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১) পিঁয়াজ, রসুন, কুর্রাজ, মূলা অথবা তার অনুরূপ দুগর্মযুক্ত বস্তু খেয়ে মসজিদে আসার ব্যাপারে ভীতি প্রদর্শন

الترهيب من إتيان المسجد لمن أكل بصلا أو ثوما أو كراثا أو فجلا ونحو ذلك مما له رائحة كريهة

আরবী

(صحيح) وَعَنْ جابر رَضِيَ اللَّهُ عَنْهُ قال قال النبي صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: قَالَ مَنْ أَكَلَ بَصَلًا أَوْ ثُومًا فَلْيَعْتَزِلْنَا أَوْ فَلْيَعْتَزِلْ مَسَاجِدَنَا وَلْيَقْعُدْ فِي بَيْتِهِ رواه البخاري ومسلم وأبو داود والترمذي والنسائي

বাংলা

৩৩৩. (সহীহ্) জাবের (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ্ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "যে ব্যক্তি পিঁয়াজ অথবা রসুন খাবে সে যেন আমাদের থেকে অথবা আমাদের মসজিদ থেকে দূরে থাকে এবং নিজ গৃহে বসে থাকে।

(বুখারী ৮৫৪, মুসলিম ৫৬৪, আবু দাউদ ৩৮২২, তিরমিয়ী ১৮০০, নাসাঈ হাদীছটি বর্ণনা করেছেন) মুসলিমের অপর বর্ণনায় রয়েছে.

مَنْ أَكَلَ الْبَصِلَ وَالثُّومَ وَالْكُرَّاتَ فَلَا يَقْرَبَنَّ مَسْجِدَنَا فَإِنَّ الْمَلَائِكَةَ تَتَأَذَّى مِمَّا يَتَأَذَّى مِنْهُ بَنُو آدَمَ

"যে ব্যক্তি পিঁয়াজ, রসূন ও কুররাজ খাবে, সে যেন আমাদের মসজিদের নিকটবর্তী না হয়। কেননা আদম সন্তান যাতে কষ্ট অনুভব করে, ফেরেশতারাও তাতে কষ্ট অনুভব করে। (মুসলিম ৫৬৪)

মুসলিমের আরেক বর্ণনায় বলা হয়েছেঃ

نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ أَكُلِ الْبَصِلِ وَالْكُرَّاثِ فَغَلَبَتْنَا الْحَاجَةُ فَأَكَلْنَا مِنْهَا فَقَالَ مَنْ أَكُلَ مِنْ أَكُلَ مِنْ هَى وَسَلَّمَ عَنْ أَكُلِ الْبَصِلِ وَالْكُرَّاثِ فَغَلَبَتْنَا الْحَاجَةُ فَأَكَلْنَا مِنْهَا فَقَالَ مَنْ أَكُلَ مِنْ أَلَا اللهَ عَثْرَبَنَّ مَسْجِدِنَا فَإِنَّ الْمَلائِكَةَ تَأَذَّى مِمَّا يَتَأَذَّى مِنْهُ الناس



আল্লাহর রাসূল (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) পিঁয়াজ এবং কুররাজ খেতে নিষেধ করেছেন। কিন্তু আমরা তা খাওয়ার ব্যাপারে খুব প্রয়োজন অনুভব করলাম এবং তা খেলাম। তখন নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন, যে ব্যক্তি এই দুর্গন্ধময় বৃক্ষ খাবে সে যেন আমাদের মসজিদের নিকটবর্তী না হয়। কেননা মানুষ যাতে কষ্ট অনুভব করে, ফেরেশতারাও তাতে কষ্ট অনুভব করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন